

রেজিষ্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুলাই ১১, ১৯৯৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
বাস্তবায়ন শাখা-১

প্রজ্ঞাপন

তারিখ, ২৪-৩-১৪০৬ বাং/৮-৭-১৯৯৯ইং

এস,আর,ওনং ১৯৯ আইন/৯৯/অম/অবি(বাস্তঃ-১)/ জাঃ বেঃ স্কেল ৪/৯৭/ ১৭১
Services (Reorganization and Conditions) Act, 1975 (XXXII of 1975)-এর
Section 5এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অর্থ বিভাগের প্রজ্ঞাপন নং এস,আর,ও নং ২৬৪ আইন/৯৭ইং/
অম/অবি(বাস্তঃ-১)/জাঃ বেঃ স্কেল-৪/৯৭/২৪৬, তারিখ ৪ঠা অগ্রহায়ণ, ১৪০৪ বাং মোতাবেক ১৮ই
নভেম্বর, ১৯৯৭ইং এর মাধ্যমে জারীকৃত চাকুরীব্যয়ক ও অর্থলগ্নী প্রতিষ্ঠান। (বেতন ও ভাতাদি)
আদেশ, ১৯৯৭ নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যাহা ১লা জুলাই, ১৯৯৯ তারিখ হইতে কার্যকর
হইয়াছে বলিয়া গণ্য হইবে, যথাঃ-

উপরিউক্ত আদেশের-

১। অনুচ্ছেদ ১৪ এর উপ-অনুচ্ছেদ (২) এর পর নিম্নরূপ উপ-অনুচ্ছেদ (৩) সংযোজিত হইবে, যথাঃ-

“(৩) সকল কর্মকর্তা/কর্মচারী মাসিক ২০০ টাকা হারে চিকিৎসা ভাতা প্রাপ্য হইবেন।”

(৩৭০৭)

মূল্য : টাকা ১.০০

২। অনুচ্ছেদ ১৫ এর উপ-অনুচ্ছেদ (৬) এর পর নিম্নরূপ উপ-অনুচ্ছেদ(৭) সংযোজিত হইবে, যথাঃ-

"(৭) এই অনুচ্ছেদের অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, সকল ব্যক্তি নিম্ন-সারণীতে উল্লিখিত হারে মাসিক বাড়ী ভাড়া ভাতা প্রাপ্য হইবেন, যথা :-
সারণী

মূল বেতন	বাড়ী ভাড়া ভাতার হার (মাসিক)	
	ঢাকা, নারায়ণগঞ্জ, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী এর মেট্রো-পলিটন/পৌর এলাকার জন্য	অন্যান্য স্থানের জন্য
টাকা ১৮০০ পর্যন্ত	মূল বেতনের ৫৫% হারে ন্যূনতম টাকা ৮৫০	মূল বেতনের ৫০% হারে ন্যূনতম টাকা ৮০০
টাকা ১৮০১ হইতে ৩৮০০ পর্যন্ত	মূল বেতনের ৫০% হারে ন্যূনতম টাকা ৯৯০	মূল বেতনের ৪৫% হারে ন্যূনতম টাকা ৯০০
টাকা ৩৮০১ হইতে ৯০০০ পর্যন্ত	মূল বেতনের ৪৫% হারে ন্যূনতম টাকা ১৯০০	মূল বেতনের ৪০% হারে ন্যূনতম টাকা ১৭১০
টাকা ৯০০১ এবং তদুর্ধ্ব	মূল বেতনের ৪০% হারে ন্যূনতম টাকা ৪০৫০	মূল বেতনের ৩৫% হারে ন্যূনতম টাকা ৩৬০০

৩। অনুচ্ছেদ ১৭ এর উপ-অনুচ্ছেদ (৩) এর পর নিম্নরূপ নূতন উপ-অনুচ্ছেদ (৪), (৫) ও (৬) সংযোজিত হইবে, যথাঃ-

"(৪) জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এর ১১নং স্কেল হইতে ২০ নং স্কেলের (টাকা ২৫৫০-৫৫০৫ হইতে টাকা ১৫০০-২৪০০ পর্যন্ত) আওতাধীন কোন ব্যক্তির কর্মস্থল ঢাকা, নারায়ণগঞ্জ, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল বা সিলেট এর সিটি কর্পোরেশন/পৌর এলাকায় অবস্থিত হইলে তিনি মাসিক ৮০ টাকা হারে যাতায়াত ভাতা প্রাপ্য হইবেন।

(৫) উপ-অনুচ্ছেদ (৪) এ উল্লিখিত এলাকা ব্যতীত অন্যান্য এলাকার কর্মস্থলে উক্ত স্কেলে কর্মরত ব্যক্তিগণ মাসিক ৪০ টাকা হারে যাতায়াত ভাতা প্রাপ্য হইবেন।

(৬) জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ তে উচ্চতর স্কেল (টাইম স্কেল) হিসাবে যিনি টাকা ৩৪০০-৬৬২৫ অথবা টাকা ৪৩০০-৭৭৪০ অথবা টাকা ৪৮০০-৮১৬০ স্কেলে বেতন আহরণ করিবেন, তিনিও উপ-অনুচ্ছেদ (৪) ও (৫) এ বর্ণিত যাতায়াত ভাতা প্রাপ্য হইবেন।"

রাষ্ট্রপতির আদেশক্রমে,

ডঃ আকবর আলি খান
সচিব।

মোঃ আবদুল করিম সরকার (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।